NYC Public Schools

'সবার জন্য মর্যাদা' সপ্তাহ
10-14 ফেব্রুয়ারি



# বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## শিক্ষার্থী-দ্বারা-শিক্ষার্থীর প্রতি বৈষম্য, যৌন এবং অন্য হয়রানি, ভীতিপ্রদর্শন, মাস্তানি বা বুলিং করা

### 1 আমি কীভাবে মাস্তানি এবং/অথবা যৌন হয়রানির বিরুদ্ধে রিপোর্ট করতে পারি?

আপনার সন্তান যদি মাস্তানির (বুলিং) শিকার হয়, আপনার স্কুলকে সেটি তাৎক্ষণিকভাবে জানানো গুরুত্বপূর্ণ যেন এই আচরণ বন্ধ হয় এবং আপনার সন্তান সহায়তা লাভ করে, তা নিশ্চিত করতে তারা সঠিক পদক্ষেপ নিতে পারে।

শিক্ষার্থী ও পরিবারেরা মাস্তানি (বুলিং) এবং হয়রানি সম্পর্কিত উদ্বেগ উল্লেখিত উপায়ে রিপোর্ট করতে পারেন:

- অনলাইনে যেকোনো ভাষায় **schools.nyc.gov/Safety** -এ অথবা আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্টের (NYCSA) মাধ্যমে **schoolsaccount.nyc** -এ একটি অভিযোগ দায়ের করে ।
- NYC পাবলিক স্কুলস্-এর (NYCPS) হেলপ্ লাইনে, সোমবার থেকে শুক্রবার, 8AM–6PM পর্যন্ত সময়ে 718-935-2288 নম্বরে ফোন করে
- অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট-এ (OSYD) **RespectforAll@schools.nyc.gov** ঠিকানায় ইমেইল করে
- স্কুলের কোনো কর্মী সদস্যকে জানিয়ে অথবা স্কুলের রেসপেক্ট ফর অল লিয়াজোঁ-এর সাথে যোগাযোগ করে
- যৌন অথবা লিঙ্গ-ভিত্তিক হয়রানির ক্ষেত্রে, আমাদের টাইটেল IX কোঅর্ডিনেটরের সাথে 718-935-4987 নম্বরে অথবা **Title_IX_Inquiries@schools.nyc.gov** ঠিকানায় যোগাযোগ করুন

রিপোর্ট করার পর, পিতামাতাগণ স্কুলের অ্যাডমিনিস্ট্রেশন বা প্রশাসনের কাছ থেকে ইনসিডেন্ট (ঘটনা) নম্বর চাইতে পারেন, যা অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম (OORS) নম্বর হিসেবেও পরিচিত।

রিপোর্ট পাবার দুই (2) স্কুল দিবসের মধ্যে পিতামাতা/অভিভাবকদেরকে অবশ্যই জানাতে হবে।

## 2 মাস্তানি (বুলিইং) এবং হয়রানির রিপোর্টগুলো কি গোপনীয়?

আপনার স্কুল জানে যে আপনার রিপোর্ট সংবেদনশীল, এবং রিপোর্ট গোপনীয় রাখার সবরকম প্রচেষ্টা করা হবে। তারা শুধু তখনই তথ্যটি শেয়ার করবে যখন এটি তদন্তের জন্য অথবা আমাদের শিক্ষার্থীবৃন্দ এবং স্কুল কমিউনিটিকে নিরাপদ রাখতে প্রয়োজন।

পিতামাতাদেরকে তাদের সন্তান যে ঘটনাবলীর সাথে সংশ্লিষ্ট তা জানানো হয়। পিতামাতাকে জানানোর বিষয়ে শিক্ষার্থীর যদি কোনো উদ্বেগ থাকে, তবে তাকে সেটা নিয়ে তার স্কুলের সাথে কথা বলা উচিৎ। স্কুলগুলো শিক্ষার্থী ও পিতামাতার সাথে কাজ করতে এবং সহায়তা দিতে পারে।

রিপোর্টের সাথে কোনো অপরাধের সংশ্লিষ্টতা থাকলে স্কুলের অবশ্যই NYPD-কে জানাতে হবে।

## 3 অভিযোগগুলোর তদন্ত কীভাবে করা হয়?

উল্লেখিত উপায়ে আপনার স্কুলের স্টাফদের একজন অভিযোগ তদন্ত করবেন:

- ঘটনার সাথে সংশ্লিষ্ট অথবা কী ঘটেছে সেটি যারা দেখেছে সেইসব কর্মী, শিক্ষার্থী অথবা অন্য ব্যক্তিবর্গের সাথে আলাদাভাবে কথা বলে
    - তারা কোনো তথ্য অথবা প্রাসঙ্গিক প্রমাণ, যেমন ভিডিও, টেক্সট মেসেজ, অথবা সোশ্যাল মিডিয়া পোস্ট সম্পর্কে জিজ্ঞেস করতে পারেন
- একটি লিখিত বিবৃতি প্রস্তুত করতে যেসব ব্যক্তি সংশ্লিষ্ট ছিল অথবা ঘটনাটি দেখেছে তাদের জিজ্ঞাসা করেন

স্কুল তদন্ত চলাকালে প্রাপ্ত সকল তথ্য বিবেচনা করবে এবং কী ঘটেছে ও আপনার সন্তানকে কীভাবে সহায়তা প্রদান করা হবে, সেবিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।

## 4 তদন্তের পর স্কুলের গৃহীত সিদ্ধান্ত সম্পর্কে আমাকে কীভাবে জানানো হবে?

তদন্ত শেষ হবার পর, পিতামাতাদের দশ স্কুল দিবসের মধ্যে ফলাফল জানানো হবে। যদি প্রয়োজন হয়, সহায়তা পরিষেবার জন্য শিক্ষার্থীদের রেফার করা হতে পারে।

ঘটনার সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের পিতামাতাকে তাদের নিজ সন্তান সম্পর্কিত তথ্য প্রদান করা হবে। স্কুল অন্য শিক্ষার্থীকে দেয়া সহায়তা অথবা শাস্তিমূলক ব্যবস্থার কথা পিতামাতাদের জানাবে না।

## 5 যদি আপনার সন্তান অনিরাপদ বোধ করে বা তার সহায়তার প্রয়োজন থাকে, আপনার স্কুল কোন ধরনের সহায়তার প্রদান করতে পারে এবং আমি কীভাবে সহায়তার অনুরোধ জানাতে পারি?

আপনি যেকোনো সময় সহায়তার অনুরোধ করতে পারেন, এতে অন্তর্ভুক্ত কোনও তদন্তের আগে, চলাকালে, কিংবা সমাপ্তির পরে।

আপনার সন্তানের বিভিন্ন ব্যক্তিগত চাহিদায় আপনার স্কুল বহু উপায়ে সহায়তা করতে পারে। উদাহরণস্বরূপ, তারা:

- আপনার সন্তানকে একজন স্কুল কাউন্সেলর, সোশ্যাল ওয়ার্কার, সাইকোলজিস্ট, কিংবা কমিউনিটির একজন পেশাদার মানসিক স্বাস্থ্যকর্মীর সাথে যোগাযোগ করিয়ে দিতে পারে।

- শিক্ষায়তনিক সহায়তা বা সামঞ্জস্য অন্বেষণ করতে সহায়তা করা, যেমন ক্লাস, লাঞ্চ/বিরতি, কিংবা আফটার স্কুল প্রোগ্রামসমূহের সময়সূচিতে কোনো পরিবর্তন।
- তার নির্দিষ্ট চাহিদা পূরণে একটি ব্যক্তিগতকৃত সহায়তা পরিকল্পনা তৈরি করতে আপনার সন্তানের সাথে কাজ করতে পারে, যার মধ্যে থাকতে পারে এমন সহায়তা যা কিছু সময়ের জন্য নির্দিষ্ট কোনো স্কুল কর্মীর সাথে নিয়মিত যোগাযোগ বজায় রাখা যাতে নিশ্চিত করা যায় আচরণটি বন্ধ হয়েছে।

আপনার সন্তানের যদি কোনো প্রতিবন্ধিত্ব থাকে এবং আপনার এমন উদ্বেগ থাকে যে কোনো ঘটনা তার লেখাপড়ায় ক্ষতি করছে, তবে আপনার সন্তানের IEP টিম, সেকশন 504 টিম, এবং স্কুলের অ্যাডমিনিস্ট্রেটরের সাথে কথা বলুন।

---

## 6 যদি আমার সন্তানের সহায়তার প্রয়োজন পড়ে, তাহলে স্কুলে এবং স্কুলের বাইরে কী কী সহায়-সংস্থান রয়েছে?

আপনার স্কুলে একজন নিবেদিত রেসপেক্ট ফর অল লিয়াজোঁ এবং একজন সেক্সুয়্যাল হ্যারাসমেন্ট প্রিভেনশন (যৌন হয়রানি প্রতিরোধ) লিয়াজোঁ রয়েছেন যারা মাস্তানি (বুলিইং) অথবা হয়রানি দ্বারা প্রভাবিত শিক্ষার্থী এবং পরিবারদের সহায়তা করেন। আপনি তাদের নাম **schoolsearch.schools.nyc** -এ আপনার স্কুলের লিস্টিং পেজের "School Contacts and Information" (স্কুলের যোগাযোগ এবং তথ্য) সেকশনে পাবেন। তাদের নাম স্কুলের বিভিন্ন স্থানে প্রদর্শিত পোস্টারেও পাওয়া যেতে পারে। তদন্ত চলাকালে কোনো পিতামাতা বা শিক্ষার্থীর কোনো প্রশ্ন থাকলে তারা RFA কিংবা SHP লিয়াজোঁ অথবা প্রিন্সিপালের সাথে কথা বলতে পারেন।

কিছু নির্দিষ্ট ধরনের যৌন হয়রানির ঘটনার ক্ষেত্রে: টাইটেল IX — একটি ফেডারেল আইন যা কোনো ফেডারেল অর্থায়িত স্কুল অথবা এডুকেশন প্রোগ্রামে কোনো প্রকার যৌন-ভিত্তিক বৈষম্য নিষিদ্ধ করে—শর্ত আরোপ করে যে, স্কুলের তদন্তের পাশাপাশি NYCPS টাইটেল IX টিম একটি ভিন্ন তদন্ত পরিচালনা করবে। টাইটেল IX তদন্ত স্কুলের তদন্তের চাইতে ভিন্ন। যদি টাইটেল IX টিমও তদন্ত করে, তবে আপনাকে জানানো হবে। টাইটেল IX সম্পর্কিত আরও তথ্যের জন্য, **schools.nyc.gov/TitleIX** দেখুন।

আপনি যদি আপনার স্কুলের বাইরে কারও সাথে কথা বলতে চান, তাহলে সহায়তা লাভের জন্য কিছু বাড়তি উপায় দেওয়া হলো:

- **NYC 988** সকল বয়সী নিউ ইয়র্কবাসীকে গোপনীতার সাথে, বিনা খরচে, মানসিক স্বাস্থ্য সহায়তা প্রদান করে। সপ্তাহে 7 দিন, প্রতিদিন 24 ঘণ্টা, মানসিক স্বাস্থ্য সংক্রান্ত ও মাদক দ্রব্য অপব্যবহারজনিত পরিষেবা লাভ করতে একজন কাউন্সিলরের সাথে ফোনে, টেক্সটে, অথবা চ্যাট-এ কথা বলুন।
  - ফোন অথবা টেক্সট করুন: 988
  - চ্যাট নাও: **988lifeline.org/chat**-এ
  - পরিষেবা খুঁজতে দেখুন: **nyc.gov/988**
- **ইউনাইটেড ফেডারেশন অভ টিচার্স BRAVE হটলাইন**: BRAVE (বিল্ডিং রেসপেক্ট, অ্যাকসেপট্যান্স, অ্যান্ড ভয়েস থ্রু এডুকেশন) শিক্ষাবিদ, পিতামাতা, এবং শিক্ষার্থীদেরকে বিভিন্ন উপকরণ, জ্ঞান, এবং সহায়তা প্রদানের মাধ্যমে মাস্তানি (বুলিইং) মোকাবেলা এবং বন্ধ করতে একটি সক্রিয় ভূমিকা পালন করে। ফোনে, টেক্সটে, অথবা অনলাইনে চ্যাটের মাধ্যমে BRAVE হটলাইনে যোগাযোগ করে শিক্ষার্থীরা বিনামূল্যে মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সহায়তা পেতে পারে।
  - 212-709-3222 নম্বরে, সোমবার – শুক্রবার, 2:30–9:30PM ফোন করুন
  - 43961 নম্বরে টেক্সট করুন
  - অনলাইনে - **UFT.org/BRAVEchat** -এ চ্যাট করুন

অনুগ্রহ করে **schools.nyc.gov/RespectForAll** দেখুন অথবা আপনার পরিবারের জন্য অন্য কী কী

সহায়তার সুযোগ রয়েছে সেগুলো সম্পর্কে আরও তথ্যের জন্য সরাসরি আপনার স্কুলকে জিজ্ঞাসা করুন।

---

## 7 স্কুল যেসব সহায়তা প্রদান করে, আমার তার চেয়ে বেশি প্রয়োজন হলে, আমি কীভাবে তা পেতে পারি?

আপনার স্কুলের দেয়া সহায়তার চেয়ে বেশি সহায়তা প্রয়োজন হলে আপনি উল্লেখিতগুলোর যেকোনোটি করতে পারেন:

- অতিরিক্ত সহায়তা অনুরোধ করে অনলাইনে একটি অভিযোগ দায়ের করতে পারেন - **https://www.nycenet.edu/bullyingreporting**
- আপনার স্কুলের কোনো আস্থাভাজন স্টাফের সাথে কথা বলুন।
- 718-935-2288 নম্বরে ফোন করে অথবা **RespectForAll@schools.nyc.gov** ঠিকানায় ইমেইল করে 'রেসপেক্ট ফর অল'-এর সাথে যোগাযোগ করুন
- 'এসকেলেশন স্টাফ অ্যাসিসট্যান্স রিকোয়েস্ট ফর্ম' পূরণ করুন, যা অনলাইনে, **schools.nyc.gov/RespectForAll** -এ, “Escalation Assistance" (এসকেলেশন অ্যাসিসট্যান্স) শিরোনামের অধীনে পাওয়া যাবে। পূরণকৃত ফর্মটি ইমেইলে আপনার স্কুল ডিস্ট্রিক্টের ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরকে পাঠিয়ে দিন; তাদের ইমেইল ঠিকানা **schools.nyc.gov/Superintendents**-এ খুঁজে নিন।

---

## 8 মাস্তানি (বুলিইং) এবং হয়রানির ঘটনা সংক্রান্ত NYCPS-এর নীতিমালা এবং প্রক্রিয়াসমূহ সম্পর্কে আমি কোথায় আরও জানতে পারি?

**NYCPS** নীতিমালা এবং প্রক্রিয়াসমূহ সংক্রান্ত আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে চ্যান্সেলরের প্রবিধান A-831 এবং A-832 (**schools.nyc.gov/VolumeA**) দেখুন।